

## ১৩ ফেব্রুয়ারি কৃষিবিদ দিবস

“বঙ্গবন্ধুর অবদান, কৃষিবিদ ক্লাস ওয়ান”

১৯৭৩ সনের এই দিনে জাতির জনক বঙ্গবন্ধু কৃষিবিদ দের চাকুরি তে প্রবেশের সময় প্রথম শ্রেণীর মর্যাদা দেয়ার ঘোষণা দেন। তাই বঙ্গবন্ধুর ঐতিহাসিক অবদানের স্বীকৃতিস্বরূপ এই দিনটিকে স্মরণীয় করে রাখতে ২০১১ সাল থেকে কৃষিবিদগণ প্রতিবছর ১৩ ফেব্রুয়ারি “কৃষিবিদ দিবস” হিসেবে পালন করে আসছে।

কৃষিবিদ দের এই মূল্যায়নের ধারাবাহিকতায় আজ দেশের কৃষিবিদ ও কৃষি বিজ্ঞানীগণ তাদের অক্লান্ত শ্রম, মেধা, মননশীলতা এবং উদ্ভাবনী শক্তি দিয়ে বাংলাদেশে কৃষি উন্নয়ন তথা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন সহ কৃষির অন্যান্য শাখায় যুগান্তকারী ভূমিকা রাখছে। সতেরো কোটি মানুষের খাদ্য যোগান দিচ্ছে এবং পাশাপাশি বেড়েছে শাক সজ্জি, মাছ মাংস, ডিম দুধ সহ অন্যান্য কৃষিপণ্য। এক কথায় কৃষি অর্থনীতি তে কৃষিবিদ দের অবদান আজ অনস্বীকার্য।

দেশের ক্রম বর্ধমান জনসংখ্যা বৃদ্ধি ও কৃষি জমির ক্রম হ্রাসমান পরিস্থিতিতে কৃষির নানা বিধ চ্যালেঞ্জ মোকাবিলা করে কৃষিবিদ ও কৃষি বিজ্ঞানী গণ বর্তমান কৃষি বান্ধব সরকারের উন্নয়ন এর অগ্রযাত্রায় সামিল হয়ে ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত তথা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আরও অগ্রণী ভূমিকা পালন করবে - আজকের এই শুভ দিনে এই অঙ্গীকার ব্যক্ত করছি। সফল ও সার্থক হোক কৃষিবিদ দিবস।

ধন্যবাদান্তে

ডঃ আব্দুস সাদেক

সভাপতি,

পরমেশ ভট্টাচার্য

সাধারণ সম্পাদক

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ অস্ট্রেলিয়া শাখা